# সিনাসয়

ফার্মেন্টেড সয় ৫০০ মিগ্রা

**উপাদানঃ**

**সিনাসয় ৫০০ মিগ্রা ট্যাবলেটঃ** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে আছে ৫০০ মিগ্রা ফার্মেন্টেড সয়, যা ল্যাকটোব্যাসিলাস ডেলব্রুইকি দ্বারা ফার্মেন্টেশন (গাঁজন) করার মাধ্যমে উৎপাদিত হয়।

**ফার্মাকোলজিঃ**

ফার্মেন্টেড সয় হল সয়াবিনকে ল্যাকটোব্যাসিলাস ডেলব্রুইকি ব্যাকটেরিয়া দ্বারা ফার্মেন্টেশনের মাধ্যমে প্রাপ্ত একটি প্রাকৃতিক খাদ্য উপাদান। এটি অম্ল এবং পেটের অস্বস্তির চিকিৎসায় একটি কার্যকর প্রাকৃতিক উপাদান। ফার্মেন্টেড সয় ক্ষুধা বৃদ্ধি করে, বমি বমি ভাব এবং এসিড রিফ্লাক্স দূর করে। এটি গ্যাস্ট্রিক মিউকোসাকে এসিডের ক্ষতি হতে রক্ষা করে এবং পেটের জ্বালা কমিয়ে দেয়। ফার্মেন্টেড সয়ের বায়োঅ্যাকটিভ উপাদানগুলি গ্যাস্ট্রোইনটেস্টিনাল ব্যথা উপশমে সাহায্য করে এবং অনিয়মিত বুকজ্বালা থেকে তাৎক্ষণিক পরিত্রাণ প্রদান করে। ফার্মেন্টেড সয় এ প্রোটিন বা মেটাবোলাইটের উচ্চ ঘনত্বের কারণে, এটি পেটের পিএইচ-এর উপর বাফারিং প্রভাব ফেলে। ফার্মেন্টেড সয় অ্যান্টি-নিউট্রিশনাল পেপটাইড তৈরি করে যা পাকস্থলীতে প্রোটিয়েজ এনজাইমের কাজকে বাধা দেয়, ফলে গ্যাস্ট্রিক এপিথেলিয়ামকে রক্ষা করে। ফলস্বরূপ, টিস্যুর ক্ষয় অবিলম্বে বন্ধ হয়ে যায় এবং গ্যাস্ট্রোইনটেস্টিনাল অস্বস্তি হ্রাস পায়। উপরন্তু, এটি আন্ত্রিক প্রদাহ সৃষ্টিকারী সাইটোকাইনসমূহের নিঃসরণ ধীর করে এবং পেটের আলসার নিরাময়ে সহায়তা করে। ফার্মেন্টেড সয় বদহজমের অস্বস্তি প্রশমনে কার্যকর।

**নির্দেশনা এবং ব্যবহারঃ**

- তীব্র এবং দীর্ঘস্থায়ী গ্যাস্ট্রাইটিস
- অ্যালকোহল এবং তামাক অতি-ব্যবহারের কারণে এসিডিটি
- পরিপাকতন্ত্রের গোলযোগ

**সেবন মাত্রা এবং সেবন বিধিঃ**

১-২ টি ট্যাবলেট দিনে ৩ বার বা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**প্রতি নির্দেশনাঃ**

সিনাসয়ের যে কোনো উপাদানের প্রতি অতিসংবেদনশীলতার ইতিহাস থাকলে এটির ব্যবহার এড়ানো উচিত।

**গর্ভাবস্থা এবং স্তন্যদানঃ**

গর্ভবতী এবং স্তন্যদানকারী মায়েদের ব্যবহারের জন্য পর্যাপ্ত ক্লিনিক্যাল ডেটা নেই।

**পার্শ্ব প্রতিক্রিয়াঃ**

প্রস্তাবিত ডোজ সুসহনীয়।

**ঔষধের মিথস্ক্রিয়াঃ**

মনোঅ্যামাইন অক্সিডেজ ইনহিবিটর্স জাতীয় ঔষধের সাথে প্রতিক্রিয়া ঘটতে পারে।

**সংরক্ষণঃ**

আলো থেকে দূরে, ঠাণ্ডা (৩০° সে. তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**প্যাকিংঃ**

**সিনাসয় ৫০০ মিগ্রা ট্যাবলেটঃ** প্রতিটি বক্সে রয়েছে ৩X১০ টি ট্যাবলেট অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

IBN SINA

প্রস্তুতকারকঃ
**দি ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ
(হারবাল বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।